

আল্লাহর সুন্দরতম নামের ওসিলা দিয়ে দুঃখ কষ্ট দূর করার একটি দোয়া

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **আল্লাহর সুন্দরতম নামের ওসিলা দিয়ে দুঃখ কষ্ট দূর করার একটি দোয়া।**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ৭ আল আ'রাফ , আয়াতঃ ১৮০

وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَىٰ فَادْعُوهُ بِهَا وَذَرُوا الَّذِينَ يُلْحِدُونَ فِي أَسْمَائِهِ سَيُجْزَوْنَ مَا

كَانُوا يَعْمَلُونَ (180)

অর্থঃ আর আল্লাহর জন্য সুন্দর সুন্দর নাম রয়েছে, সুতরাং তোমরা তাঁকে সেইসব নামেই ডাকবে, আর তাদেরকে বর্জন কর যারা তার নাম বিকৃত করে, স্বত্তরই তাদেরকে তাঁদের কৃতকর্মের ফল দেয়া হবে।

একটি হাদীস মুসলিমঃ ৪/২০৬২

আবু হোরাইরাহ্(রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ(সাঃ) বলেছেনঃ আল্লাহতায়ালার নিরানব্বইটি(৯৯) নাম রয়েছে।

যে ব্যক্তি এগুলোকে বিশেষ সময়ে পাঠ করবে বা গণনা করবে সে জান্নাতে প্রবেশ করবে। আল্লাহ তা'য়লা স্বয়ং বেজোড় (এক)। তাই তিনি বেজোড়কেই পছন্দ করেন।

ইবনে কাসীর ব্যাখ্যা:

তবে এ কথা স্মরণ রাখতে হবে যে, আল্লাহর শুধু নিরানব্বইটি (৯৯) নাম রয়েছে আর কোন নাম নেই একথাটা ঠিক নয়।

আরও একটি হাদীস: আহমদ১/৩৯১

রাসুলুল্লাহ(সাঃ) বলেছেন, যদি কেহ দুঃখ কষ্টে পতিত হয় এবং আল্লাহর কাছে নিম্নলিখিত দোয়াটি পাঠ করে দু'আ করে তাহলে অবশ্যই আল্লাহ তার দুঃখ কষ্ট দূর করবেন এবং এর পরিবর্তে তাকে আনন্দিত করবেন।

اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ، ابْنُ عَبْدِكَ، ابْنُ أُمَّتِكَ، نَاصِيَتِي بِيَدِكَ، مَاضٍ فِيَّ حُكْمُكَ، عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ، أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ، سَمَّيْتَ بِهِ نَفْسَكَ، أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ، أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ، أَوْ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ، أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي، وَنُورَ صَدْرِي، وَجَلَاءَ حُزْنِي، وَذَهَابَ هَمِّي

তখন জিজ্ঞাসা করা হলঃ আমরা কি এটা মুখস্ত করব? তিনি উত্তরে বললেন, হ্যাঁ বরং যে এটা শুনবে তারই এটা মুখস্ত করে নেয়া উচিত।

হে আল্লাহ্! আমি তোমার বান্দাহ্, তোমার বান্দাহের সন্তান। আমার ভাগ্য তোমার হাতে। আমার ব্যপারে তোমার সিদ্ধান্ত অবশ্যই বাস্তবায়িত হবে। তোমার কাছেই আমার ফায়সালা। তোমার যে নামসমূহ রয়েছে এবং যে নাম সমূহ তুমি তোমার কিতাবে বর্ণনা করেছো, অথবা শিক্ষা দিয়েছো, অথবা কাউকে শিক্ষা না দিয়ে তোমার কাছেই গোপন রেখেছ তার অসিলা দিয়ে বলছি, মহান কুরআনকে আমাদের হৃদয়ের স্ফুরন করে দাও। আমাদের বক্ষের নূর করে দাও। এবং আমার দুঃখ কষ্ট দূর করে দাও।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা পবিত্র কোরআনের আয়াতটি মুখস্ত করি। এবং হাদীসের এই দোয়াটিও মুখস্ত করি। যাদের পক্ষে সম্ভব আরবীতে হাদীসের দোয়াটি মুখস্ত করি সম্ভব না হলে বাংলায় হাদীসের দোয়াটি মুখস্ত করি। এবং আল্লাহর কাছে এই দোয়াটি সর্বদা করতে থাকি। দোয়া করার সাথে সাথে কোরআন বুঝে বুঝে পড়ার এবং তেলাওয়াত করার চেষ্টাও করতে হবে। আল্লাহ্ আমাদের প্রচেষ্টা কবুল করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ।

.....